**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 01-03-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## CM-AIDS Control :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এইডস প্রতিরোধে সমাজের সর্বস্তরের জনগণকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন| গতকাল সচিবালয়ে ত্রিপুরা এইডস কন্ট্রোল সোসাইটির অষ্টাদশ সাধারণ সভায় বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন| মুখ্যমন্ত্রী বলেন, মারণব্যাধি এইডস প্রতিরোধে জনপ্রতিনিধিদের সচেতনতামূলক প্রচারে সক্রিয়ভাবে অংশ গ্রহণ করতে হবে| পাশাপাশি, রাজ্যের বিভিন্ন সামাজিক সংস্থাগুলিকে এইডস প্রতিরোধের কাজে যুক্ত করতে হবে। সভায় মুখ্যমন্ত্রী এইডস / এইচআইভি সনাক্তকরণের জন্য, স্বাস্থ্য দপ্তরকে তিন মাসের কর্মসূচি নিয়ে একটি বিশেষ অভিযান শুরু করার পরামর্শ দেন।

সভায় মুখ্যমন্ত্রী ভার্চুয়ালভাবে, অমরপুর, গন্ডাতুইসা ও বিলোনীয়া মহকুমা হাসপাতালে, ৩টি লিংক এ.টি.আর সেন্টারের উদ্বোধন করেন। সভায় উপস্থিত ছিলেন, জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা, এডিসি-র কার্যনির্বাহী সদস্য কমল কলই প্রমুখ|

*************************

## Deepak Majumder:

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার গতকাল জহর ব্রিজের দুপাশে হাওড়া নদীর বাঁধ স্থায়ীভাবে নির্মাণ কাজ পরিদর্শন করেছেন। তিনি জানান, এই বাঁধ নির্মাণ করার মূল উদ্দেশ্য হলো বন্যা থেকে আগরতলা শহরকে রক্ষা করা। নদীর দুপাশে বাঁধ নির্মাণের ফলে ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে বিকল্প

পুনর্বাসনের ব্যবস্থা করা হবে। ইতিমধ্যেই ৩৬ টি পরিবারকে রাধারনগরে পুনর্বাসন দেওয়া হয়েছে। লেক চৌমুহনী বাজারে বেআইনি উচ্ছেদ অভিযান প্রসঙ্গে মেয়র বলেন, আরও বেশি ব্যবসায়ী যাতে এই বাজারে ব্যবসা করতে পারেন পুর নিগম তার ব্যবস্থা করবে ।

************************

## 84th Bramhaputra Board Meeting :

ব্রহ্মপুত্র বোর্ড রাজ্যে ফেনী নদীর পরিকাঠামো উন্নয়নের জন্য মাস্টার প্ল্যান অনুমোদন করেছে| আগরতলার রাজ্য অতিথিশালা সোনারতরীতে গতকাল কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের অধীন ব্রহ্মপুত্র বোর্ডের ৮৪তম বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে একথা জানান ব্রহ্মপুত্র বোর্ডের চেয়ারম্যান ডঃ রণবীর সিং| তিনি জানান, ফেনী নদীর জন্য সাড়ে তিন কোটি টাকার এই প্রকল্পে নদী উপত্যকা এলাকায় কী কী সমস্যা রয়েছে তা চিহ্নিত করে ডিপিআর তৈরি করা হবে।

এই বৈঠকে কেন্দ্রীয় জলশক্তি মন্ত্রকের অতিরিক্ত সচিব সুবোধ যাদব, বোর্ডের সদস্য উত্তর পূর্বাঞ্চলের আট রাজ্য ও উত্তরবঙ্গের গোর্খা টেরিটরিয়াল এডমিনিস্ট্রেশনের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

************************

## CM- Mahila Swabolombi:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার মহিলাদের আর্থ সামাজিক অবস্থার উন্নয়ন এবং স্বশক্তিকরনের উপর বিশেষ গুরুত্ব দিয়েছে| গতকাল আগরতলার ৩৩ নং পুর ওয়ার্ডের মহিলা স্বশক্তিকরণ কমিটির উদ্যোগে আয়োজিত- 'স্বাবলম্বী নারী, স্বাবলম্বী ত্রিপুরা' শীর্ষক আলোচনা সভায় তিনি একথা বলেন ।মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মহিলাদের

স্বশক্তিকরনের উপর বিশেষ গুরুত্ব দিয়েছেন। তিনি বলেন, রাজ্যে পণ সংক্রান্ত মামলার সংখ্যা শূন্যে নামিয়ে আনার জন্য সরকার একাধিক পদক্ষেপ নিয়েছে। এজন্য ৮ জন ডেপুটি কালেক্টরকে, ডিস্ট্রিক্ট ডাউরি প্রহিবিশন অফিসার এবং মহকুমা শাসককে ডাউরি প্রহিবিশন অফিসার হিসেবে নিযুক্ত করা হয়েছে। মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্য সরকার ২০২২ সালে 'ত্রিপুরা স্টেট পলিসি ফর এমপাওয়ারমেন্ট অফ ওমেন' চালু করেছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য সভাপতি তথা সাংসদ রাজীব ভট্টাচার্য, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত প্রমুখ।

************************

**PM JANMAN-Unakoti :**

ভারত সরকারের পিএম-জনমন কর্মধারার ঊনকোটি জেলাতে বাস্তবায়নের বিষয়ে কৈলাশহরে জেলাশাসক কার্যালয়ে গতকাল এক বৈঠক অনুষ্ঠিত হয়। পৌরহিত্য করেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা। বৈঠকে জানানো হয়, জেলাতে পিএম-জনমন প্রকল্পে রিয়াং জনগোষ্ঠীর ৭৬১ জন নাগরিক ঘরের মঞ্জুরী পেয়েছেন। প্রতিটি ঘর নির্মাণে ২ লক্ষ টাকা করে মঞ্জুর করা হয়েছে। এখন পর্যন্ত ৪৯২টি ঘরের কাজ শেষ হয়েছে।

************************

**Job Fair :**

কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল কেরিয়ার সার্ভিস এর আওতায় গতকাল কৈলাশহর কর্মবিনিযোগ কেন্দ্র প্রাঙ্গনে চাকুরী মেলা অনুষ্ঠিত হয়। মোট ৩৬৯টি শূন্যপদের জন্য পাঁচটি সংস্থার পক্ষ থেকে সাক্ষাৎকার নেওয়া হয়। ঊনকোটি ও উত্তর ত্রিপুরা জেলা থেকে কর্মপ্রার্থী যুবক-যুবতীরা এতে অংশ নেয়।

************************

**BJP Leader Expired :**

গোমতী জিলা পরিষদের প্রাক্তন সভাধিপতি স্বপন অধিকারী গত বৃহস্পতিবার রাতে জিবি হাসপাতালে শেষ নিঃস্বাস ত্যাগ করেন| মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৭ বছর| তিনি স্ত্রী, দুই ছেলে রেখে গেছেন| গতকাল সকালে তাঁর মরদেহ উদয়পুরে বিজেপি গোমতী জেলা কার্যালয়ে নিয়ে আসা হলে সেখানে শেষ শ্রদ্ধা জানান অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, বিধায়ক রঞ্জিত দাস, জিতেন্দ্র মজুমদার, বিজেপি গোমতি জেলা সভানেত্রী সবিতা নাগ প্রমুখ|

প্রদেশ বিজেপি-র সভাপতি রাজীব ভট্টাচার্যও স্বপন অধিকারীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন|

************************

**CITU :**

চা ও রাবার বাগানের জমি বে-আইনি দখল বন্ধ করা সহ ১৩ দফা দাবিতে গতকাল সি.আই.টি.ইউ-র উদ্যোগে আগরতলায় বিক্ষোভ মিছিল করা হয়। এরপর সংগঠনের এক প্রতিনিধি দল শ্রম দপ্তরের কমিশনারের কাছে ডেপুটেশন প্রদান করেন। ডেপুটেশনে নেতৃত্ব দেন রাজ্য বামফ্রন্টের আহ্বায়ক নারায়ণ কর|

************************

**Saras Mela-Dhalai :**

ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন ধলাই জেলার উদ্যোগে চার দিনব্যাপী ধলাই জেলাভিত্তিক সরস মেলা ২০২৫ আগামীকাল শেষ হচ্ছে।এই মেলায় জেলার বিভিন্ন ব্লক এলাকা থেকে ৪০টি স্ব-সহায়ক দল তাদের উৎপাদিত পণ্য সামগ্রী নিয়ে শামিল হয়েছেন। উল্লেখ্য, গত বৃহস্পতিবার, আমবাসা চান্দ্রাইপাড়া দ্বাদশ

শ্রেণী বিদ্যালয়ের মাঠে এই মেলার উদ্বোধন করেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা।

************************

**Central Library:**

আগরতলায় বীরচন্দ্র ষ্টেট সেন্ট্রাল লাইব্রেরির ক্যারিয়ার নির্দেশিকা বিভাগটি সপ্তাহের প্রত্যেকদিন খোলা রাখার সিদ্ধান্ত নিয়েছে উচ্চ শিক্ষা দপ্তর। গতকাল দপ্তরের অতিরিক্ত সচিব অনিমেষ দেববর্মা এক বিজ্ঞপ্তিতে এই খবর জানিয়েছেন। তিনি আরও জানান, পাঠকদের বৃহত্তর আগ্রহ ও প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতিতে সাহায্যের জন্য এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তিনি আরও জানান, ক্যারিয়ার নির্দেশিকা বিভাগ ছাড়া অন্য পরিষেবা প্রতি সোমবার আগের মতো বন্ধ থাকবে।

************************

**Police Football:**

৭৩তম বি এন মল্লিক সর্বভারতীয় পুলিশ ফুটবল প্রতিযোগিতার পুরুষ বিভাগে গ্রুপের তৃতীয় খেলায় ত্রিপুরা পুলিশ পরাজিত হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতকাল রাতে অনুষ্ঠিত খেলায় পাঞ্জাব পুলিশ ১-0 গোলে রাজ্যদলকে পরাজিত করে।

************************

**Weather:**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩১ ডিগ্রির কাছাকাছি থাকবে। আগরতলা বিমানবন্দরে, আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৯.৫ ডিগ্রি সেলসিয়াস।

************************

**********************